



বিশ্বের সেরা ধনী বিল গেটস

ধনীরা আরও ধনী হতে পারছে না। তবে ধনীরা গরীব হচ্ছে একথা নিচুই বলা যাবে না। তবে ফরবস ম্যাগাজিন সম্প্রতি বিখ্যাত ২০০১ সালের সেরা ধনীদের তালিকা যখন প্রকাশ করলো তখন দেখা গেলো বিবিসি নিউজের শিরোনাম হচ্ছে 'দি রিচ গেই পুওরার'। তবে এটা ঠিক যে ২০০০ সালের তুলনায় ২০০১ সালে সেরা ধনীদের

এর সম্পদের পরিমাণও দ্বিগুণ বৃদ্ধি পেয়ে হয়েছে ৩৭০ কোটি ডলার।

অর্থনীতির মন্দা জার্মানিকে আঘাত হানলেও দেশটির বিলিয়নারের সংখ্যা এক বছরে বৃদ্ধি পেয়ে হয়েছে ২৮ থেকে ৩৫-এর। একই ভাণ্ডা জাপানের ক্ষেত্রে দেখা যায়নি। জাপানের মাসাইয়োসি ছাড়াও কনজিউমার ফাইন্যান্স ম্যাগনেট ইয়াসৌ টাকেই এবং ইউসুক কিনেসিটার অবস্থান টলে গেছে। বুটেনে ছিল ১২ জন বিলিয়নার এখন ১৩ জন। বুটেনের জেরাল্ড ক্যাভেনসিস গ্রসকেনারের নাম রয়েছে ৩৮তম স্থানে, তার সম্পদের পরিমাণ ৬৭০ কোটি ডলার। তালিকায় এশিয়ান বিলিয়নারদের তালিকায় সবার আগে রয়েছে সৌদী আরবের প্রিন্স আল ওয়ালিদ বিন তালাল আল সউদের নাম। তার অবস্থান ১১তম এবং সম্পদের পরিমাণ ২ হাজার কোটি ডলার। হংকং-এর লিকা সিং-এর অবস্থান ২৩ তম এবং সম্পদের পরিমাণ ১ হাজার কোটি ডলার। তালিকায় ভারতের আজিম প্রেমজি'র নাম এসেছে ৪১তম স্থানে। সম্পদের পরিমাণ ৬৪০ কোটি ডলার। সেরা মহিলা বিলিয়নার হচ্ছে ওয়াল মার্ট-এর ওয়ালটন পরিবারের ৫৩

বছর বয়সী এলিস ওয়ালটন। ৮ম স্থানে থাকা তার সম্পদের পরিমাণ ২ হাজার ৫শ' কোটি ডলার। ৮২ বছর বয়সী হেলেন ওয়ালটন-এর সম্পদের পরিমাণ ২ হাজার ৪শ' কোটি ডলার এবং অবস্থান ১০ম। ওয়াল মার্ট-এর স্বত্বাধিকারী ওয়ালটন পরিবারের সদস্যরা বিলিয়নারদের তালিকায় বার বারই উঠে

বিশ্বের সেরা ধনী এখনও বিল গেটস

সম্পদের পরিমাণ কমেছে। তা সত্ত্বেও তারা এখনও বিলিওনার, অর্থাৎ তাদের সম্পদের পরিমাণ ১শ' কোটি ডলারের বেশী। তবে ধনীরা 'গরীব' হওয়ায় তাদের কেউ কেউ আবার বিলিওনার থেকে ছিটকে পড়েছে।

বিশ্বের সেরা ধনী এখনও মাইক্রোসফট-এর চেয়ারম্যান বিল গেটস, তারও সম্পদের পরিমাণ কমেছে। তা সত্ত্বেও শীর্ষ তালিকায় তার নামটিই প্রথমে। ২০০১ সালে দেখা গেছে তার সম্পদের পরিমাণ কমেছে ৫৯০ কোটি ডলার। তবে এখনও তার সম্পদের পরিমাণ ৫ হাজার ২৮০ কোটি ডলার, এতটা সম্পদ এখনও কারও-ই নেই। গত বছরে প্রকাশিত অর্থাৎ ২০০০ সালের প্রকাশিত তালিকায় বিশ্বের ১৬তম ধনী ছিল মার্কিন তেল, টেলিকম ও রেলওয়ে ম্যাগনেট ফিলিপ আলমুটজ। সে সময় তার সম্পদের পরিমাণ ছিল ১ হাজার ৫০০০ কোটি ডলার। এখন তার সম্পদের পরিমাণ এক-তৃতীয়াংশ কমে গেছে, ফলে তার অবস্থানও চলে এসেছে ৫৪তম স্থানে। জার্মানির মিডিয়া সূত্রটি লিও কার্ক-এর সম্পদ ছিল ১ হাজার ২শ' কোটি ডলার এবং অবস্থান ছিল ২০তম, এবার সে কোনরকম টিকে আছে বিলিওনারদের ক্লাবে।

বর্তমানে বিশ্বে মোট বিলিওনারের সংখ্যা দাঁড়িয়েছে ৪৯৭ জন। অঞ্চ এক বছর আগেও ছিল ৫৩৮ জন। বিশ্ব অর্থনীতির মন্দা কি বিলিওনার ক্লাবকেও আঘাত হেনেছে?

'গরীব' হওয়ার তালিকায় একটি উল্লেখযোগ্য নাম হচ্ছে যুক্তরাষ্ট্রের কাবল টেলিভিশন টাইকুন টেড টার্নার। প্রখ্যাত অভিনেত্রী জেন ফন্টার সাথে কেবল তার ডিভোর্সই হয়নি সম্পদের পরিমাণও অর্ধেকের বেশী কমে হয়েছে ৩৮০ কোটি ডলারে।

'গরীব' হওয়ার তালিকায় সবচেয়ে বেশী রয়েছে প্রযুক্তি সম্পর্কিত ব্যবসায়ীদের নাম।

ধনীরা গরীব হচ্ছে


এসেছে। এর মধ্যে জিম ওয়ালটনের অবস্থান ৬ষ্ঠ, জন ওয়ালটন ৭ম, এ্যালিস ওয়ালটন ও রবসন ওয়ালটন ৮ম, হেলেন ওয়ালটন ১০ম এবং এ্যান ওয়ালটন ও ন্যাঙ্গি ওয়ালটন-এর অবস্থান যৌথভাবে ১৪৪ তম।

ক্রমিক নং	নাম	সম্পদের পরিমাণ (বিলিয়ন ডলারে)	দেশ
১।	বিল গেটস (মাইক্রোসফট)	৫২.৮	যুক্তরাষ্ট্র
২।	ওয়ালটন বাফেট (বিনিয়োগ)	৩৫.০	যুক্তরাষ্ট্র
৩।	আলব্রেট কাল ও থিও (আলডি)	২৬.৮	জার্মানী
৪।	পল এলেন (মাইক্রোসফট)	২৫.২	যুক্তরাষ্ট্র
৫।	ল্যারি এলিসন ওরাকল	২৩.৫	যুক্তরাষ্ট্র

শওকত হোসেন মাসুম

বিল গেটস-এর নাম আগেই বলা হয়েছে। এছাড়াও ইয়াহু-এর প্রতিষ্ঠাতা স্টিভ জবস এবং জেরী ইয়াং বিলিওনারদের তালিকা থেকে ছিটকে পড়েছে। এক সময় সফট ব্যাংক টাইকুন ও ইস্টারনেট চ্যাম্পিয়ান মাসাইয়োসি সোন ছিল বিশ্বের দ্বিতীয় ধনী ব্যক্তি। অঞ্চ গত দু'বছরে তার সম্পদ কমেছে ৭ হাজার ৭শ' কোটি ডলার। তবে বিল গেটস-এর সম্পদ কমে গেলেও তিনি বার বার ৫ বারের মত সেরা ধনী হয়েছেন, তবে ৫ বছর আগে ক্রেনেই-এর সুলতান বিল গেটস-এর জন্ম হুমকি হয়ে দাঁড়ালেও এখন পর্যন্ত তার নাম আর তালিকায় স্থান পায়নি। মাইক্রোসফট-এর অন্যতম নির্বাহী পল এলেন এবং স্কিড বালমের সম্পদ হারালেও এখনও ১৫তম স্থানটি ধরে রাখতে সক্ষম হয়েছেন। অরাকলের ল্যারি এলিসন অনেক চেষ্টা করেও বিল গেটস-কে হুতে পারেনি, তার সম্পদের পরিমাণ ২ হাজার ৩৫০ কোটি ডলার এবং অবস্থান ৫ম।

রিটে ইলারসরা অবশ্য এবারও ভাল অবস্থানে রয়েছেন, ওয়াল মার্টের ওয়ালটন পরিবার এবং ইকিয়া প্রধান ইনগভার কেপ্শাউ দ্রুত এগুচ্ছে। পেননের ফ্যান্সন উদ্যোগ্য আমানসিও ওর্টেগার সম্পদ বৃদ্ধি পেয়ে হয়েছে ৯১০ কোটি ডলারে, তার অবস্থান এখন ২৫তম। মেক্সিকোর জেরোনিমো আরাণগো-



তালিকায় স্থান পাওয়া ভারতের সেরা ধনী আজিম প্রেমজি, অবস্থান ৪১তম